

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

তারিখঃ ১৩/১১/২০১৭ খ্রিঃ

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯০৬(১).১৭-৪৩৭

বিষয়ঃ 'পাসপোর্ট তথ্য সংরক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পের Vertical Extension এর কাজটি ডিপিএম পদ্ধতিতে
বাস্তবায়ন করা প্রসঙ্গে।

সূত্রঃ কম-১২৬/৬৭৪; তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিএ, ২০০৬ এর ধারা-৩২(১)
অনুযায়ী কারিগরী এবং অর্থনৈতিক কারণে যুক্তিযুক্ত বিবেচিত হলে ক্রয়কারী সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করতে
পারে।

০২। বিবেচ্য পত্রে উল্লেখ করা হয়েছে যে ইতোমধ্যে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নির্বাচিত ঠিকাদার কর্তৃক
'পাসপোর্ট তথ্য সংরক্ষণ কেন্দ্র' প্রকল্পের আওতায় ১০-তলা ভিত বিশিষ্ট ৬-তলা ভবন নির্মাণের কাজ চলমান আছে।
পরবর্তীতে বর্ণিত ভবনের অবশিষ্ট ৪-তলা নির্মাণের প্রস্তাব অনুমোদিত হয়েছে এবং এ প্রস্তাবিত ভবন নির্মাণে উন্মুক্ত
দরপত্র পদ্ধতি অনুসরণ করা হলে নির্মাণ সাইটে জায়গার স্বল্পতার কারণে বিশৃঙ্খলা সৃষ্টি, কাজ বিলম্বিত হওয়া ইত্যাদি
কারণ উল্লেখ করা হয়েছে।

০৩। বর্ণিত ক্রয়ের ক্ষেত্রে কাজের ধারাবাহিকতা রক্ষা, অর্থনৈতিক সাশ্রয়, নির্মাণ কাজের সামঞ্জস্যতা রক্ষা,
বিলম্ব পরিহার প্রভৃতি বিষয় বিবেচনা করতঃ ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ
করা যেতে পারে।


০৪। বর্ণিত পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে সরকারের আর্থিক ক্ষমতা অর্পণ বিধি মোতাবেক বর্ণিত
ক্রয় কাজের অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারিত হবে।

০৫। সূত্রস্থ পত্র ও সংযুক্ত কাগজ পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

নির্বাহী প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মহাখালী গণপূর্ত বিভাগ, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।


(মাসুদ আকতার খান)
পরিচালক (মতামত)
ফোনঃ ৯১৪৪২৩০